# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 19 June, 2025

মঙ্গলবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সিনিয়র সহকারীদের বলেছেন, তিনি ইরান হামলার পরিকল্পনায় অনুমোদন দিয়েছেন।তবে তেহরান পারমাণবিক কর্মসূচি থেকে সরে আসে কি না, তা দেখার জন্য এখনও চূড়ান্ত নির্দেশ দেননি।এ বিষয়ে অবগত তিনজন ব্যক্তির বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে দ্য ওয়াল স্ট্রিট জার্নাল।

হোয়াইট হাউসের সিচুয়েশন রুমে সামরিক বাহিনীকে দেওয়া ব্যক্তিগত নির্দেশনার পর থেকেই ট্রাম্প প্রকাশ্যে জানিয়েছেন, ইরানে হামলার সম্ভাবনা বিবেচনায় রয়েছে।

বুধবার সাংবাদিকদের তিনি বলেন, 'আমার করণীয় সম্পর্কে কিছু ধারণা আছে, তবে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত নিইনি—আমি চূড়ান্ত সিদ্ধান্ত একেবারে শেষ মুহূর্তে নিতে পছন্দ করি।

ওই ব্যক্তিরা বলেন, ট্রাম্প আশা করছেন, ইসরায়েলের ছয় দিনব্যাপী চলমান হামলায় যুক্ত হওয়ার হুমকি দিয়ে তিনি তেহরানকে তার দাবি মানতে বাধ্য করতে পারবেন।মার্কিন প্রেসিডেন্ট স্বীকার করেছেন, যুক্তরাষ্ট্রের হামলার বিষয়টি বিবেচনাধীন আছে, তবে এখনও তিনি এর বিরুদ্ধেন সিদ্ধান্ত নিতে পারেন।

হোয়াইট হাউসের একজন সিনিয়র কর্মকর্তা বলেন, একাধিক বিকল্প এখনও আলোচনায় রয়েছে।আর ইসরায়েল কীভাবে অভিযান পরিচালনা করছে, তা পর্যবেক্ষণ চালিয়ে যাবেন ট্রাম্প।

ইরান ডোনাল্ড ট্রাম্প,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:17

URL: https://www.timestodaybd.com/international/6779573489